



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
Bangladesh Open University  
গাজীপুর-১৭০৫

BOU

বাউবি/প্রশা-৯(২৭৬)/২০১৭/৫৪৭৩

তারিখ: ১৬/৭/২০১৯

**বাউবি'র পুরাতন/অকেজে গাড়ী বিক্রয়ের জন্য পুনঃ উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর নিম্নোক্ত পুরাতন গাড়ী পুনঃ উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিমাত ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। অগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র রক্ষিত পুরাতন গাড়ী পরিদর্শন করতে পারবেন। পুরাতন/অকেজে গাড়ীর বিবরণ নিম্নরূপ:

ক্রম.	গাড়ী নং	গাড়ীর ধরন	ক্রয়ের সন	গাড়ী নির্মাতা	ইঞ্জিনের ধরন	গাড়ী পরিদর্শনের স্থান এবং গাড়ী বিক্রয়াদেশস্থ প্রতীষ্ঠানের গ্রহণের স্থান
০১.	গাজীপুর-৯-০২-০১২৩	পিক-আপ	২০০৩	টয়োটা, জাপান	পেট্রোল	খুলনা আঞ্চলিক কেন্দ্র, রশনিবাগ, ডাক-খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

অফেরৎযোগ্য ১,০০০.০০ (এক হাজার মাত্র) টাকা (গাড়ীর সিডিউলের জন্য) বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ০৫/৮/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত আইটেমসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে। দরপত্রসমূহ বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার দপ্তরে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রসমূহে রক্ষিত দরপত্র বাঞ্ছা আপাতী ০৬/৮/২০১৯ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর, আয়কর ও ভ্যাট প্রদানপূর্বক গাড়ী/মালামাল অপসারণের কাজ আরম্ভ করতে হবে এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে। গাড়ীর মালিকানা হস্তান্তর ফি ও যাবতীয় কর/বকেয়া করসহ (যদি থাকে) সমুদয় ব্যয় ক্রেতা বহন করবেন। দরপত্রের মেয়াদ ১২০ (একশত বিশ) দিন বহাল থাকবে। বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন  
প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবি'র  
ওয়েবসাইট [www.bou.edu.bd](http://www.bou.edu.bd)

(মোহাম্মদ হুমায়ূন ভূঁইয়া)

উপ-পরিচালক

সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ, বাউবি।

টেলিফোন নম্বর: ০৯৬৬৬৭৩০৭৩০ (এক্স: ৭০৪, ৭০৫)

dd1.procurement@bou.edu.bd